

- ৫। “কিন্তু তবু জিনিসটার প্রতি কী যে মায়া—তার সামান্য ক্ষতি নজরে পড়লেও বুকটা কেমন কেমন করে ওঠে”— যে বস্তুটির জীর্ণতাও এক অর্থে অর্থনৈতিক লাভের উৎস তার সম্পর্কে মজিদের এরূপ মনোভাবের কারণ কী? যুক্তিসহ আলোচনা করো। ১০

অথবা

- ৬। ধর্মীয় ক্ষমতাকে কাজে লাগিয়ে মজিদ কীভাবে মহব্বত নগরের মানুষের প্রতি মুহূর্তের জীবনযাপন তথা একান্ত ব্যক্তিগত পরিসরেরও নিয়ন্ত্রক হয়ে ওঠে ‘লালসালু’ উপন্যাস অবলম্বনে তার পরিচয় দাও। ১০
- ৭। ‘শকুন’ গল্পে হাসান আজিজুল হক তদানীন্তন পূর্ব-পাকিস্তানের যে চালচিত্র তুলে ধরেছেন তার পরিচয় দাও। ১০

অথবা

- ৮। একজন ধর্মব্যবসায়ীর চাতুর্য ও পুত্রহারা একজন পিতার কান্না—ভিন্ন দুটি বিষয়কে আখতারুজ্জামান ইলিয়াস ‘কান্না’ গল্পে আশ্চর্য দক্ষতায় মিলিয়ে দিয়েছেন। ‘কান্না’ গল্প অবলম্বনে গল্পকারের শিল্পনৈপুণ্য ও সমাজ সচেতনতার পরিচয় দাও। ১০

কলা স্নাতক অন্ত্য-সিমেন্টার পরীক্ষা, ২০২৩

(তৃতীয় বর্ষ, দ্বিতীয় সিমেন্টার)

বাংলা

কোর্স : ইউ. জি – ৬.২

বাংলাদেশের সাহিত্য

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলির মান সমান।

- ১। বাঙালির আত্মপরিচয়ের সূত্রানুসন্ধান করতে গিয়ে প্রাবন্ধিক আবু জাফর শামসুদ্দীন যে সাধারণ সিদ্ধান্তগুলির উল্লেখ করেছেন, তার সবগুলিকে তুমি কি মেনে নেবে? যুক্তিসহ তোমার মতামত দাও। ১০

অথবা

- ২। পূর্ব-পাকিস্তান পর্বে রাষ্ট্রীয় উদ্যোগে ভাষা-সংস্কারের নামে যেভাবে বাঙালি চেতনার বিকৃতি ঘটানো হয়েছিল আহমদ শরীফের প্রবন্ধ অবলম্বনে তার পরিচয় দাও। ১০
- ৩। বাংলাদেশের কবিতার প্রথম পর্বে আত্মপরিচয় নির্মাণে ভূপ্রকৃতির বর্ণনার উপরে কবিরা কেন গুরুত্ব দিয়েছিলেন? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ১০

অথবা

- ৪। কিংবদন্তি ও লোক-ঐতিহ্য ‘বাংলাদেশের কবিতা’র অবয়ব নির্মাণে কীভাবে কার্যকর হয়ে উঠেছে দৃষ্টান্তসহ তার পরিচয় দাও। ১০